

# Finance Minister SmtNirmalaSitharaman and Finance Minister of BhutanMrLyonpoNamgayTshering jointly launch BHIM–UPI in Bhutan

July 13, 2021

অর্থমন্ত্রী শ্রীমতি নির্মলা সিতারামন এবং ভুটানের অর্থমন্ত্রী শ্রীযুক্ত লিয়োনপো নামগে শেরিং একযোগে ভুটানে BHIM–UPI পরিষেবা চালু করলেন।

জুলাই 13,2021

চালু হওয়া এই পরিষেবা 2019 -এ ভারতের প্রধানমন্ত্রীর ভুটানে রাষ্ট্রীয় সফরকালে দুই দেশের মধ্যে সম্পন্ন হওয়া প্রতিশ্রুতিকে সম্পূর্ণ করল।

আজ বিকেলে একটি ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে কেন্দ্রীয় অর্থ এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রীমতি নির্মলা সিতারাম তার সমতুল্য ভুটানের মাননীয় অর্থমন্ত্রী শ্রীযুক্ত লিয়োনপো নামগে শেরিং-এর সাথে একযোগে BHIM–UPI চালু করলেন। এছাড়াও, প্রতিমন্ত্রী (অর্থ) ডঃ ভগবত কিশানরাও কারাড, ভুটানের রয়াল মানিটরি অথরিটির গভর্নর শ্রীযুক্ত দাশো পেনজোর, আর্থিক পরিষেবা দপ্তরের সচিব শ্রী দেবাশিষ পান্ডা, ভুটানে ভারতের রাষ্ট্রদূত শ্রীমতি রুচিরা কশ্বোজ, ভারতে ভুটানের রাষ্ট্রদূত জেনারেল ভি নামগেল এবং এনপিসিআই-এর এমডি এবং সিইও শ্রী দিলিপ আসবে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই অনুষ্ঠান উপলক্ষে শ্রীমতি সিতারামন বলেন, " ভুটানে চালু হওয়া এই পরিষেবা, ভারতের 'প্রতিবেশী প্রথম' নীতির অন্তর্গত এবং ভারতের এই সাফল্যের জন্য আমরা গর্বিত এবং আমাদের মূল্যবান প্রতিবেশীর সাথে এই পরিষেবা বন্টন করার জন্য আমরা আনন্দ অনুভব করছি।" অর্থমন্ত্রী বলেন যে, " COVID-19 অতিমারীর সময়ে ভারতে ডিজিটাল লেনদেনের জন্য BHIM–UPI পরিষেবা হল একটি উজ্জ্বলতম বিন্দু এবং একটি সফলতা , যেখানে গত 5 বছরে 100 মিলিয়নেরও বেশী UPI QR সৃষ্টি হয়েছে এবং 2020-21 সালে 22 মিলিয়ন লেনদেনের প্রক্রিয়া হয়েছে যার আর্থিক মূল্য 41 লক্ষ কোটি টাকা।"

ভুটানের অর্থমন্ত্রী শ্রীযুক্ত লিয়োনপো নামগে শেরিং ভুটানে BHIM-UPI পরিষেবা চালু করার জন্য ভারত সরকারকে ধন্যবাদ এবং প্রশংসা জ্ঞাপন করেছেন। তিনি এও বলেছেন যে, যত দিন যাচ্ছে এই দুই দেশের মধ্যে বন্ধন তত মজবুত হচ্ছে। চালু হওয়া এই পরিষেবা 2019 -এ ভারতের প্রধানমন্ত্রীর ভুটানে রাষ্ট্রীয় সফরকালে দুই দেশের মধ্যে সম্পন্ন হওয়া প্রতিশ্রুতিকে সম্পূর্ণ করল। এই সফরের পরে, ভারত এবং ভুটান, উভয় দেশের মধ্যে দুই ধাপে রুপে কার্ডের গ্রহণ যোগ্যতার আন্তঃকার্যকারিতাকে ইতিমধ্যেই সক্ষমতা প্রদান করেছে। প্রথম ধাপে ভারতে ভুটান ভিত্তিক টার্মিনালগুলিতে রুপে কার্ডের ইস্যুকে গ্রহণযোগ্য করা হয়েছে এবং বিপরীত ক্রমটি দ্বিতীয় ধাপে করা হয়েছে।

আজ ভুটানে BHIM-UPI পরিষেবা চালু হবার সাথে সাথে, দুই দেশের অর্থ প্রদানের পরিকাঠামোটি নির্বিঘ্নে যুক্ত হল এবং যে সকল বহুসংখ্যক পর্যটক এবং ব্যবসায়ীরা প্রতি বছর ভুটানে যাতায়াত করেন তারা সুবিধাপ্রাপ্ত হবেন। এটি একটি বোতামের স্পর্শে ক্যাশলেস লেনদেনের মাধ্যমে পর্যটনের সহজতা এবং জীবনযাত্রার সহজতাকে আরও বৃদ্ধি করবে।

এই পরিষেবা চালু হবার একটি অঙ্গ হিসেবে, শ্রীমতি নির্মলা সিতারামন ভুটানের স্থানীয় গোষ্ঠীর মানুষ দ্বারা জৈবিক উপায়ে তৈরি করা খামারের তাজা দ্রব্য বিক্রয়কারী ভুটানি OGOP আউটলেট থেকে জৈবিক পণ্য কিনে BHIM-UPI ব্যবহারের একটি সরাসরি লেনদেন করলেন।

ভুটান হল প্রথম সেই দেশ যারা QR প্রসারের জন্য UPI মানকে গ্রহণ করল এবং আমাদের নিকটতম প্রতিবেশী দেশ হিসেবে প্রথম দেশ যারা BHIM অ্যাপ্লিকেশনের মাধ্যমে মোবাইল ভিত্তিক পেমেন্টকে স্বীকৃতি দিল।

নিউ দিল্লি

জুলাই 13, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.